

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/14/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর বিবৃতি

"অ্যামাজন (Amazon) নিউ ইয়র্কে এসেছে কারণ আমরা বিশ্বের রাজধানী এবং ব্যবসা করার জন্য সেরা স্থান। মার্কিন যুক্তরাষ্ট্রের বহুল প্রতিদ্বন্দ্বিতা পূর্ণ অর্থনৈতিক উন্নয়ন প্রতিযোগিতায় আমরা অংশ গ্রহণ করেছি এবং জিতেছি, যার ফলে আমাদের রাজ্যে অন্তত 25,000-40,000 ভালো বেতনের চাকরির সৃষ্টি হয়েছে এবং ট্রানজিট, নতুন আবাসন, স্কুল এবং জীবন যাত্রার অসংখ্য দিক উন্নয়নের জন্য রাজস্ব হিসাবে প্রায় 30 বিলিয়ন মার্কিন ডলার আয় হয়েছে। নিউ ইয়র্কে অ্যামাজনকে নিয়ে আসা আমাদের অর্থনীতিকে রিয়েল এস্টেট এবং ওয়াল স্ট্রিটের উপর নির্ভরশীল না রেখে বিচিত্রতা এনেছে যা প্রযুক্তির জন্য এক ভাবী কেন্দ্র হিসাবে আমাদের অবস্থানকে জোরদার করেছে এবং যা কেবল কুইন্স বা নিউ ইয়র্কের জন্য এক অসাধারণ জয় ছিল না - বরং লং আইল্যান্ড থেকে শুরু করে অ্যালবেরনির ন্যানোটেক পর্যন্ত আমাদের সম্পূর্ণ অঞ্চলের জয় ছিল।

যদিও, রাজনীতিবিদদের একটি ক্ষুদ্র দল তাদের নিজস্ব সংকীর্ণমনা স্বার্থকে তাদের কমিউনিটির চেয়ে বেশি গুরুত্ব প্রদান করেছে - যা বহু ভোটার মাধ্যমে প্রমাণিত হয়েছে যে জনগণ অ্যামাজনের লং আইল্যান্ড সিটিতে আশা খুবই ইতিবাচকভাবে সমর্থন করেছে - যা আমাদের রাজ্যের অর্থনৈতিক ভবিষ্যৎ এবং রাজ্যের জনগণের জন্য সঠিক সিদ্ধান্ত। নিউ ইয়র্ক স্টেট সিনেট অভূতপূর্ব ক্ষতি করেছে। এই অর্থনৈতিক সুযোগ হারানোর জন্য তাদেরকে দায়ী করা উচিত।

নিউ ইয়র্কের ব্যবসা পরিস্থিতি এবং কমিউনিটির মূলনীতি যা অ্যামাজনকে এখানে আসতে আগ্রহী করেছে - আমাদের প্রতিভা, বিশ্বমানের শিক্ষা ব্যবস্থা, বিচিত্রতা এবং সম্মুখে অগ্রসর হওয়ার প্রতি আমাদের প্রতিশ্রুতি এখনো রয়ে গেছে এবং নিউ ইয়র্ক রাজ্যব্যাপী বিশ্বমানের ব্যবসা প্রতিষ্ঠানকে আকৃষ্ট করার আমাদের প্রচেষ্টা দমিত হবে না।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসারস্কাইব করুন](#)